

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৯

১/ পবিত্রতা (ﷺ আ তেন্দুর তান্ত্রা তেন্দুর) পরিচ্ছেদঃ লজ্জাস্থান স্পর্শের কারণে উয় না করা।

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتِ اسْتَفْتَتُ أُمُّ حَبِيبَةَ ابْنَةُ جَحْشٍ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَتْ إِنِي أُسْتَحَاضُ فَلاَ أَطْهُرُ أُمُّ حَبِيبَةَ ابْنَةُ جَحْشٍ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَتْ إِنِي أُسْتَحَاضُ فَلاَ أَطْهُرُ الْفَادَعُ الصَّلاَةَ فَقَالَ اللَّا إِنَّمَا ذَلِك عِرْقٌ فَاغْتَسلِي ثُمَّ صَلِّي ". فَكَانَتْ تَغْتَسِلُ لِكُلِّ صَلاَةٍ وَلَكِنَّهُ شَيْءٌ فَعَلَتْهُ هِي . قَالَ الله عليه وسلم أَمَرَ أُمَّ حَبِيبَةَ أَنْ تَغْتَسِلَ عِنْدَ كُلِّ صَلاَةٍ وَلَكِنَّهُ شَيْءٌ فَعَلَتْهُ هِي . قَالَ أَبُو عِيسَى وَيُرْوَى هَذَا حَبِيبَةَ أَنْ تَغْتَسِلَ عِنْدَ كُلِّ صَلاَةٍ وَلَكِنَّهُ شَيْءٌ فَعَلَتْهُ هِي . قَالَ أَبُو عِيسَى وَيُرُوى هَذَا الْحَدِيثُ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتِ اسْتَفْتَتْ أُمُّ حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم . وقَدْ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْمُسْتَحَاضَةُ تَغْتَسِلُ عِنْدَ كُلِّ صَلَاةٍ . وَرَوَى الأَوْزَاعِيُّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ عَنْ عَائِشَةَ .

বাংলা

১২৯. কুবায়বা (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, উম্মু হাবীবা বিনত জাহাশ রাদিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ফতওয়া জানতে দিয়ে বলেন আমি ইস্তিহাযায় আক্রান্ত হয়ে পড়েছি। কোন সময়ই পাক হই না। আমি সালাত ছেড়ে দেব কি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন না, এতো শিরার রক্ত। তুমি গোসল করে সালাত আদায় করে নিবে। এরপর উম্মু হাবীবা বিনত জাহশ রাদিয়াল্লাহু আনহা প্রতি সালাতের জন্য গোসল করে নিতেন। - ইবনু মাজাহ ৬২৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৯ [আল মাদানী প্রকাশনী]

কুতায়বা বলেন যে, লায়ছ বলেছেন প্রতি সালাতের জন্য গোসল করতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উন্মু হাবীবাকে নির্দেশ দিয়েছিলেন বলে ইবনু শিহাব উল্লেখ করেননি। বরং উন্মু হাবীবা রাদিয়াল্লাহু আনহা নিজ থেকে তা করতেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ যুহরী আমর' আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রেও এই হাদিসটি বর্ণিত আছে। আলিমদের কেউ কেউ বলেন যে, ইসতিহাযা আক্রান্ত মহিলাকে প্রতি সালাতের জন্য গোসল করতে হবে। আওযাঈ (রহঃ) যুহরী থেকে এবং তিনি উরওয়া ও আমরা থেকে আয়িশা রাদিয়াল্লাহু আনহা এর সূত্রে হাদিসটি বর্ণনা করেছেন।



English

Aishah narrated:

"Umm Habibah hint Jahsh sought a verdict from Allah's Messenger. She said 'I suffer from persistent bleeding such that I do not become pere. Shall I give up the Salat?' He said: 'No, that is only a blood vessel. So perform Ghusl then pray.' So she would perform Ghusl for each prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

